



খাগড়াছড়িতে মাদকবিরোধী সুধী সমাবেশ অনুষ্ঠিত

মো. লোকমান হোসেন, খাগড়াছড়ি

খাগড়াছড়িতে বিভিন্ন শ্রেণি-পেশার জনসাধারণের অংশগ্রহণে মাদক বিরোধী সুধী সমাবেশ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ পুলিশের চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি আবদুল কুদ্দুস চৌধুরী। গতকাল মঙ্গলবার বিকাল ৪টায় খাগড়াছড়ি পৌর টাউন হলে, জেলা পুলিশের আয়োজনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় এবং পাশাপাশি আলোচনা সভা শেষে জনসচেতনতা বৃদ্ধির জন্য মদকবিরোধী র‍্যালি অনুষ্ঠিত হয়েছে। এসময় জেলার সকল শ্রেণী পেশার সাধারণ মানুষ সহ সুধীজন ও জেলার সরকারি বেসরকারী উচ্চ পর্যায়ের কর্মকর্তা এবং জেলা পুলিশের ও জেলা সাংবাদিকদের মধ্যে প্রেসক্লাব সাংবাদিক ইউনিয়ন, খাগড়াছড়ি রিপোর্টার্স ইউনিটির সাংবাদিকগন উপস্থিত ছিলেন। এসময় মতবিনিময় সভায় পাহাড়ে বসবাসরত সকল জাতির পক্ষ থেকে এককাল করে প্রতিনিধি দেওয়া হয়, তার বক্তব্য প্রদান করার জন্য। তারা সবাই মাদকের বিরুদ্ধে বা মাদক পরিহার করে একটি সুষ্ঠু ও সুন্দর সমাজ এবং জাতি গঠনে ঐক্যমত প্রকাশ করেন বক্তারা। বক্তারা আরো বলেন,বিশেষত পুলিশকে উদ্দেশ্য করে এ আহ্বান জানান। আপনারা একটা বিষয় খেয়াল রাখবেন, সাধারণ মানুষকে নেন হযরানির শিকার করা নয়। বিশেষ অতিথি জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও বর্তমান পার্বত্য জেলা পরিষদ সদস্য এম এন আফছার



কালিয়াকৈরে চুরি ও মাদক সেবনের দায়ে ৪ যুবকের কারাদণ্ড

কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি

গাজীপুরের কালিয়াকৈরে উপজেলায় চুরি ও মাদক সেবনের দায়ে ৪ যুবককে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছে আদ্যমান আদালত। এসময় একজনকে ৩ মাস ও অপর তিনজনকে ১ সপ্তাহের বিনামূল্য কারাদণ্ড দেওয়া হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে নিজ কার্যালয়ে আদ্যমান আদালত বসিয়ে এ আদেশ দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এ এইচ এম ফখরুল হোসাইন। মগুশান্তরা হলেন- উপজেলার গোয়ালবাথান এলাকার আব্দুর রহমানের ছেলে সাগর মিয়া (৩৭), উপজেলার মৌচাক গলাচিপা এলাকার মজনু মিয়া'র ছেলে শিমুল আহমেদ (২১), মৃত বাশা মিয়া'র ছেলে মিলন হোসেন (২০) ও আব্দুর করিমের ছেলে রায়হান মিয়া (২৫)। জানা যায়, গত সোমবার রাতে ঢাকা টাঙ্গাইল মহাসড়কের খাড়াজোড়া এলাকায় মাদক সেবনের সময় সাগরকে আটক করে গনপটিনি দিয়ে পুলিশে দেয় এলাকাবাসী। অপরদিকে একই দিন রাতে মৌচাক গলাচিপা এলাকায় খামারে চুরি করার সময় তিন যুবককে আটক করে পুলিশে দেয় এলাকাবাসী। পরে তাদেরকে মঙ্গলবার দুপুরে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে হাজির করা হলে চার যুবককে বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়। উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী কর্মকর্তা এ এইচ এম ফখরুল হোসাইন বলেন চার যুবককে আদ্যমান আদালতের মাধ্যমে বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়। মাদক সেবনের দায়ে এক যুবককে ৩ মাস ও চুরির দায়ে তিন যুবককে ১ সপ্তাহের সাজা দেয়া হয়। এ ধরনের অভিযান সব সময় অব্যাহত থাকবে।

লালমনিরহাটে ভারতীয় বিভিন্ন মালামাল জব্দ বিজিব'র

লালমনিরহাট প্রতিনিধি

জেলার সীমান্ত এলাকার বর্ডার গার্ড বাংলাদেশ বিজিব(বিজিবি)'র পৃথক অভিযানে ১৮৮ বোতল ভারতীয় ইক্ষাপ সিরাপ, ৯ দশমিক ২ কেজি গাঁজা, চারটি মোটরসাইকেল ও একটি বাইসাইকেল জব্দ করা হয়েছে। জব্দ মালামালের মোট সিজার মূল্য ৭ লাখ ৬০ হাজার ৭৭০ টাকা। গতকাল সোমবার বিকেলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় লালমনিরহাট ব্যাটালিয়ন (১৫ বিজিবি)। বিজিবি জানায়, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে গত রোববার ও গতকাল সোমবার কুড়িআমের ফুলবাড়ী উপজেলার সীমান্তবর্তী বিভিন্ন এলাকায় পৃথক পাঁচটি অভিযান পরিচালনা করা হয়। এরমধ্যে গতকাল বিকলে ৪টা ও সন্ধ্যা সাড়ে ৬টায় বালারহাট বিওপির টহরদল চণ্ডাবাড়ি ও বালটারা এলাকায় অভিযান চালায়। এ সময় সন্দেহজনক ব্যক্তির মোটরসাইকেলযোগে এলে বিজিবি তাদের থামার সংকেত দেয়। এসময় তারা মোটরসাইকেল ফেলে পালিয়ে যায়। পরে তৎক্ষণি চালিয়ে ২৫ বোতল ভারতীয় ইক্ষাপ সিরাপ ও ২০ গ্রাম গাঁজাসহ দুটি মোটরসাইকেল জব্দ করা হয়। এ ছাড়া গতকাল দুপুর পৌনে ১টায় গোড়কমন্ডল বিওপির আওতাধীন গোড়কমন্ডল বাজারে, সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে অনন্তপুর বিওপির আওতাধীন কাশেম বাজারে এবং আজ ভোর ৪টা ১৫ মিনিটে শিমুলবাড়ি বিওপির আওতাধীন জঙ্করতল এলাকায় পৃথক অভিযান চালানো হয়। এসব অভিযানে সন্দেহজনক ব্যক্তির বিজিবির উপস্থিতি টের পেয়ে মোটরসাইকেল ও বাইসাইকেলসহ



সঙ্গে থাকা মালামাল ফেলে পালিয়ে যায়। পরে ঘটনাস্থলে তৎক্ষণি চালিয়ে ১০১ বোতল ভারতীয় ইক্ষাপ সিরাপ, ৯ দশমিক ২ কেজি গাঁজা, দুটি মোটরসাইকেল ও একটি বাইসাইকেল জব্দ করা হয়। বিজিবির হিাব অনুযায়ী, জব্দ মালামালের সিজার মূল্য ৭ লাখ ৬০ হাজার ৭৭০ টাকা। মাদক চোরাচালানের সঙ্গে জড়িতদের তথ্য সংগ্রহ করে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম প্রক্রিয়ানির রয়েছে বলে জানিয়েছে বিজিবি। লালমনিরহাট ব্যাটালিয়ন (১৫ বিজিবি)-এর কমান্ডি অফিসার লে. কর্ণেল মেহেদী ইমাম বাসকে বলেন, দেশের সার্বভৌমত্ব ও সীমান্ত নিরাপত্তা নিশ্চিত করতে বিজিবি দৃঢ়প্রতিজ্ঞ। চোরাচালান ও মাদক পাচার প্রতিরত করতে সীমান্তে গোয়েন্দা জরদারি ও টহল কার্যক্রম আরও জোরদার করা হয়েছে। অভিযোগেও এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

খাদ্য ও পুষ্টি নিরাপত্তায় মৎস্য খাতের অবদান অনস্বীকার্য-গাকুবি ভিসি

নজমুল হক, গাজীপুর

‘রূপালি মৎস্যে স্বনির্ভর দেশ, সবার আগে বাংলাদেশ’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে মাছের পুষ্টি, মৎস্য সম্পদের টেকসই ব্যবহার ও দেশের অর্থনৈতিক উন্নয়নে মৎস্য খাতের অবদান তুলে ধরে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ে (গাকুবি) নানা আয়োজনে জাতীয় মৎস্য পক্ষ ২০২৬ উদযাপন করা হয়েছে। জাতীয় কর্মসূচির অংশ হিসেবে ১৬ থেকে ৩০ আগস্ট দেশব্যাপী পালিত হচ্ছে জাতীয় মৎস্য পক্ষ ২০২৬। এরই ধারাবাহিকতায় গাকুবির মাৎস্যবিজ্ঞান অনুষদের উদ্যোগে আয়োজন করা হয়েছে র‍্যালি, আলোচনা সভা ও পোনা অবমুক্তকরণসহ বিভিন্ন কর্মসূচি। মৎস্য পক্ষের কর্মসূচিকে প্রাণবন্ত করে তুলতে গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. জিকেএম মোস্তাফিজুর রহমানের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র‍্যালি বের হয়। মৎস্যবিজ্ঞান অনুষদ থেকে শুরু হওয়া র‍্যালিটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পুনরায় অনুযায়ী চতুরে এসে শেষ হয়। র‍্যালিতে অনুষদের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের বৃহৎ অংশগ্রহণ ছিল। র‍্যালিতে শিক্ষার্থীদের হাতে ছিল মৎস্য সম্পদ ও জলজ জীববৈচিত্র্য বিষয়ক নানা প্ল্যাকার্ড, ব্যানার ও ফেস্টুন। কেউ ছিলেন মাঝির বেশে, কেউ মৎস্যজীবী, আবার কেউ গবেষকের ভূমিকায়। তাদের যোগাণ ও প্রাণবন্ত উপস্থিতিতে ক্যাম্পাসজুড়ে তৈরি হয় উৎসবমুখর পরিবেশ। র‍্যালি শেষে মাৎস্যবিজ্ঞান অনুষদ চতুরে অঙ্কিত হয় সংক্ষিপ্ত আলোচনা সভা। অনুষ্ঠানে প্রচার অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাকুবির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. জিকেএম মোস্তাফিজুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার প্রফেসর ড. মো. সফিউল ইসলাম আহসান এবং প্রক্টর প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল আলম। এতে সভাপতিত্ব করেন মাৎস্যবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. ফারহানা হক। র‍্যালি ও পোনা অবমুক্তকরণ কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মো. নূরুদ্দীন মন্ডলের সভাপনত্বায় অনুষ্ঠানে অনুযায়ী শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা পর্বের শুরুতে ট্রেজারার এবং অধ্যবদের জ্যেষ্ঠ অধ্যাপক প্রফেসর ড. মো. আমজাদ হোসেনে বক্তব্য রাখেন। বক্তব্যে তাঁরা মাছের অসাধারণ পুষ্টিগুণ, নিরাপদ মৎস্য উৎপাদন, মৎস্য সম্পদের সৃষ্টি ব্যবস্থাপনা এবং বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় মৎস্য খাতের বিপুল সম্ভাবনার কথা তুলে



অনুষদ দেশের মৎস্য খাতের উন্নয়নে জ্ঞান, গবেষণা ও প্রযুক্তির মাধ্যমে আরও কার্যকর ভূমিকা রাখতে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।” অনুষ্ঠায় ডিনের সমাপনী বক্তব্য শেষে মাৎস্যবিজ্ঞান অনুষদের জন্যে উপাচার্যের সহযোগে রুই, কালিবাউশ, মৃগেল, সরপুটিসহ বিভিন্ন প্রজাতির পোনা অবমুক্ত করা হয়। জাতীয় মৎস্য পক্ষের কর্মসূচির অংশ হিসেবে এর আগে ১৭ আগস্ট, ২০২৬ গাজীপুর জেলা মৎস্য অধিদপ্তর ও গাকুবির মাৎস্যবিজ্ঞান অনুষদের যৌথ উদ্যোগে অনুষদের সম্মেলন কর্মে ‘মৎস্যসম্পদ সুরক্ষায় ও টেকসই উৎপাদন’ বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় গাজীপুর জেলা ও উপজেলার বিভিন্ন পর্যায়ের মৎস্য কর্মকর্তাবৃন্দের পাশাপাশি স্থানীয় মৎস্য চাষি, উদ্যোক্তা এবং মাৎস্যবিজ্ঞান অনুষদের শিক্ষক-শিক্ষার্থীরা অংশ নেন। এতে মঠপাশায়ের অভিজ্ঞতা, সচ্চাবনা ও চ্যালেঞ্জ নিয়ে প্রাণবন্ত আলোচনা হয়। উল্লেখ্য, আগামী ৩০ আগস্ট বিশ্ববিদ্যালয়ের সুফিয়া কামাল অডিটোরিয়ামে এ উপলক্ষে অনুষ্ঠিত হবে এক মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা।



বরগুনায় প্লাস্টিক দূষণ ও বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক সভা

বরগুনা প্রতিনিধি

জেলায় আজ প্লাস্টিক দূষণ হ্রাস ও সমন্বিত বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক পরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বেলা ১১ টায় জেলা প্রশাসকের কার্যালয়ের সুবর্ণ জয়ন্তী সম্মেলন কর্মে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন জেলায় স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক এ এস এম কাসেম। মার্কক আহমেদের সভাপতিত্বে এ অনুষ্ঠানে সহকারী বন সংরক্ষক মো. মোজাম্মেল হোসেন, জেলায় পরিবেশ অধিদপ্তরের বরগুনার সহকারী পরিচালক হায়াত মাহমুদ রকিব, বরগুনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আবু জাকার মো. সালেহ, সুন্দরন সাংবাদিক ফেরামের সভাপতি মনির হোসেন কানুন, সুভাষীয়া উদ্যোগ, চিত্তরঞ্জন শীল, মুশফিক আরিফ, বর্না আক্তার প্রমুখ বক্তব্য রাখেন। এ পরামর্শ সভায় সরকারি কর্মকর্তা, এনজিও প্রতিনিধি ও সাংবাদিক সহ ৫০ জন উপস্থিত ছিলেন।



বঙ্গোপসাগরে ইঞ্জিন বিকল বোট থেকে ১৬ জেলেকে উদ্ধার করেছে নৌবাহিনী

বরগুনা প্রতিনিধি

বঙ্গোপসাগরে ইঞ্জিন বিকল বোটসহ ১৬ জেলেকে উদ্ধার করেছে নৌবাহিনী। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) গতকাল মঙ্গলবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে আরও বলা হয়, গতকাল সোমবার বঙ্গোপসাগরে তহল কার্যক্রম পরিচালনার সময় নৌবাহিনী জাহাজ ‘বানৌজা কপোতাক্ষ’ মোংলা ফেয়ারওয়ে বয়ের নিকট ছেড় ভাসমান অবস্থায় থাকা মাছ ধরার বোট ‘এফবি আল আমিন’ এবং ১৬ জন জেলেকে উদ্ধার করে। আইএসপিআর জানায়, রোববার রাতে বঙ্গোপসাগরে তহলকালে একটি মাছ ধরার বোট ইঞ্জিন বিকল হয়ে ভাসমান থাকার বিষয়ে তথ্য পায় নৌবাহিনীর জাহাজ কপোতাক্ষ। এ প্রেক্ষিতে রাতের আঁধারেই উদ্ধার কার্যক্রম শুরু করে নৌবাহিনীর জাহাজটি। পরদিন সকালে প্রচণ্ড ঢেউ ও বেরী আবহাওয়ার মধ্যেই মৎস্য বোটটিকে মোংলা ফেয়ারওয়ের সন্নিকটে শনাক্ত করা হয়। তাৎক্ষণিক নৌবাহিনী জাহাজটি ঘটনাস্থলে পৌঁছায়। পরে ইঞ্জিন বিকল হওয়া মাছ ধরার বোট থেকে ১৬ জন জেলেকে উদ্ধার করে। এ সময় নৌবাহিনীর সদস্যরা জেলেদের প্রয়োজনীয় খাদ্য, বিস্কুত পানি ও প্রাথমিক চিকিৎসা প্রদান করেন। উদ্ধার হওয়া জেলেদের সূত্রে জানা যায়, গত ১৯ আগস্ট বাগেরহাটের শরনখোলা এলাকা থেকে তারা মাছ ধরার উদ্দেশ্যে বোটযোগে সমুদ্রে গমন করে। দুর্দিন পর বোটের ইঞ্জিন বিকল হয়ে পড়ে এবং গত তিনদিন ধরে সমুদ্রে ভাসতে থাকে। পরবর্তীতে, সাগরের উত্তাল ঢেউ ও প্রতিকূল আবহাওয়ার মধ্যেই নৌবাহিনীর জাহাজ বোটটিকে টোয়িং করে সুন্দরবন সংলগ্ন হিরণ পর্যাটে নিরাপদে নিয়ে আসে এবং বোটসহ জেলেদের কোস্টগার্ডের কাছে হস্তান্তর করে। উল্লেখ্য, সমুদ্রে বিপদগ্রস্ত জেলে ও নৌযানকে দ্রুত উদ্ধার করে নিরাপদে তীরে পৌঁছে দেওয়া নৌবাহিনীর দায়িত্বমূল্যতা ও মানবিকতার এক উজ্জ্বল দৃষ্টান্ত। দেশের সমুদ্রসীমার নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সমুদ্রে সুশাসন বজায় রাখতে সমুদ্র ও উপকূলীয় এলাকায় নিয়মিত টহল পরিচালনা করে আসছে বাংলাদেশ নৌবাহিনী।



কমলগঞ্জ-শ্রীমঙ্গলে বালুবাহী ট্রাকে ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে পর্যটন সড়ক, বাড়ছে দুর্ঘটনা

পিন্টু দেবনাথ, মৌলভীবাজার

মৌলভীবাজারের পর্যটন সমৃদ্ধ জনপদ কমলগঞ্জ ও শ্রীমঙ্গল উপজেলার সংযোগকারী গুরুত্বপূর্ণ সড়কটি এখন চরম ঝুঁকির মুখে। প্রতিদিন হাজার হাজার পর্যটক ও সাধারণ মানুষের যাতায়াতের এই পাহাড়ি আঁকাবাঁকা সড়কটি অতিরিক্ত বোঝাই (ওভারলোড) বালুবাহী ট্রাকের কারণে ধীরে ধীরে ফেটে ও দেবে যাচ্ছে। নিয়মনীতির ত্রুটিজন্য না করে অতিরিক্ত বালু বহনের ফলে গ্রামীণ জনপদের এই জনগুরুত্বপূর্ণ অবকাঠামোটি ধ্বংসের পথে। সরেজমিনে দেখা যায়, সড়ক ও জনপথ (সওজ) বিভাগের আওতাধীন এই রাস্তায় ধারণক্ষমতা চ্যেয়ে বহুগুণ বেশি ওজন নিয়ে চলাচল করছে বালুবাহী ভারী যানবাহনগুলো। ট্রাক থেকে উপচে পড়া বালু পুরো রাস্তায় ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে। এর ফলে পাহাড়ি ও এবড়োখেবড়ো এই পথে বিশেষ করে দুই চাকার বাহনমোটরসাইকেল চালকদের জন্য মারাত্মক দুর্ঘটনার ঝুঁকি তৈরি হয়েছে। বালুর ওপর চাকা পিছলে (স্লিপ করে) প্রায়শই ঘটছে ছোট-বড় দুর্ঘটনা। যেকোনো সময় বড় ধরনের প্রাণহানির আশঙ্কায় রয়েছে এলাকাবাসী ও পর্যটকরা। স্থানীয়দের অভিযোগ, সড়কটির এই বেহাল দশা এবং ওভারলোড গাড়ির দৌরাডুা নিয়মিত দেখা গেলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর কোনো নজরদারি বা পদক্ষেপ নেই বললেই চলে। অথচ এই সড়ক দিয়েই প্রতিদিন শত শত পর্যটক শ্রীমঙ্গল ও কমলগঞ্জের চা-বাগান, লাউয়াছড়া জাতীয় উদ্যানসহ বিভিন্ন দর্শনীয় স্থানে যাতায়াত করেন। সড়কটি তেড়ে গেলে শোকে পুরো অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা ও পর্যটন শিল্পে নেতিবাচক প্রভাব পড়বে। ভুক্তভোগী চালক ও স্থানীয় সচেতন মহলের দাবি, অবিলম্বে সড়ক রক্ষায় ওভারলোড বালুবাহী ট্রাক চলাচল বন্ধ করতে হবে এবং রাস্তায় পড়ে থাকা বালু দ্রুত পরিষ্কার করার পাশাপাশি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কঠোর মনিটরিংয়ের আওতায় আনতে হবে।



বেশি দামে সার বিক্রি: দৌলতপুরে বিএডিসি ডিলারকে জরিমানা

মো. শাহ আলম,দৌলতপুর (মানিকগঞ্জ)

মানিকগঞ্জের দৌলতপুর উপজেলার ধামশ্বর ইউনিয়নের নিরাীলী বাজারে সরকারি নিষ্প্রতিত মূল্যের চেয়ে বেশি দামে সার বিক্রির অপরাধে বিএডিসি সার ডিলার মোসার প্রধান ট্রেডার্সকে জরিমানা করেছে আদ্যমান আদালত। সুনির্দিষ্ট অভিজোগের ভিত্তিতে পরিচালিত এই অভিযানে প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী তারা মিয়াকে অপরাধ শিকার করার পর সতর্কতাভাবক ৫,০০০ (পাঁচ হাজার) টাকা জরিমানা করা হয়। একই সঙ্গে ভবিষ্যতে এ ধরনের অপরাধের পুনরাবৃত্তি ঘটবে না মর্মে তার কাছ থেকে লিখিত মূল্যকো আদায় করা হয়। অভিযান পরিচালনা করেন দৌলতপুর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এর্কিটেক্ট ম্যাজিস্ট্রেট প্রবীর বিশ্বাস। মোবাইল কোর্ট পরিচালনাকালে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার মো. লুৎফে মোল্লা মুদ্রজ এবং ধামশ্বর ইউনিয়নের সংশ্লিষ্ট উপ-সহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ।

ইঞ্জিন বিকল ফিশিং বোটসহ ১২ জেলেকে উদ্ধার কোস্ট গার্ডের

রাগেরহাট প্রতিনিধি

গভীর সমুদ্রে ইঞ্জিন বিকল হয়ে ভাসতে থাকা ফিশিং বোটসহ ১২ জেলেকে জীবিত উদ্ধার করেছে কোস্ট গার্ড। গতকাল মঙ্গলবার দুপুরে কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লে. কমান্ডার সান্দির আলম সূজন এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, গত রোববার (২৩ আগস্ট) রাত ৮টার দিকে ‘এফডি মায়ের দেয়া’ নামে একটি ফিশিং বোট ১২ জন জেলেসহ মাছ আহারপের সময় সুন্দরবনের দুবলার চর থেকে প্রায় ১২ নটিক্যাল মাইল দক্ষিণে গভীর সমুদ্রে ইঞ্জিন বিকল হয়ে ভাসতে থাকে। পরবর্তীতে বোটটি মোবাইল নেটওয়ার্কের আওতায় এলে গত সোমবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে এক জেলে ফিশিং বোটের মালিককে ফোন করে বিষয়টি জানান। পরে বোটের মালিক কোস্ট গার্ডের জরুরি সেবা নম্বর ১৬১১-এ ফোন করে সহায়তা চান। তিনি আরও জানান, প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কোস্ট গার্ড স্টেশন দুবলা তাৎক্ষণিকভাবে উদ্ধার অভিযান পরিচালনা করে। অভিযানে গভীর সমুদ্র এলাকা থেকে ইঞ্জিন বিকল ফিশিং বোটসহ ১২ জেলেকে জীবিত উদ্ধার করা হয়। উদ্ধার করা জেলেদের প্রাথমিক চিকিৎসা ও প্রয়োজনীয় খাবার দেয়া হয়েছে। বর্তমানে উদ্ধারকৃত বোটসহ জেলেদের মালিকপক্ষের কাছে হস্তান্তরের কার্যক্রম প্রক্রিয়ানির রয়েছে। কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লে. কমান্ডার সান্দির আলম সূজন বলেন, জরুরি উদ্ধার কার্যক্রমে কোস্ট গার্ড ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত রাখবে।

THE CHITTAGONG PORT AUTHORITY Office of the Chief Hydrographer e-Tender Notice Memo No: 18.13.0000.732.26.023.26.W-03 (2026-2027)				
Sl.	Tender ID no & Ref No	Contract Package No	Name of Works	Tender Publishing date, Closing Date
1.	1321230	18.13.0000.732.26.023.26.W-03 (2026-2027)	Fault finding, Repair and modification of different auto tide-gauge stations at Karnaphuli River and coastal belt of the Bay of Bengal	02-Sep-2026 11:00:00, 01-Oct-2026 12:30:00
This is an online tender, where only e-Tenders will be accepted in e-GP portal and no offline/ hardcopies will be accepted. To submit the e-Tender, please register on e-GP system portal (http://www.eprocure.gov.bd).				
চক্ষ: জগদীষ বিজ্ঞান ২০২৬/০৩				
Commander Md Obydur Rahman (H1), BN Chief Hydrographer Chittagong Port Authority ch@cpa.gov.bd				
জিডক নং- ৩৭০/২৬, ৪X৩/৬				